দৈনিক বাংলা

তারিখ 21 JUN 1988
পৃঃ ..... কলাম ৪

C54

*ভিসির দুঃখ প্রকাশ*

# ভার্সিটিতে সিনেট সদস্যের গাড়িতে অগ্নিসংযোগ

(স্টাফ রিপোর্টার)

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক সভায় যোগদানের জন্যে সিনেট সদস্য ও জাতীয় সংসদ সদস্য বেগম হাসনা মওদুদ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে এসে পৌঁছলে এক দল ছাত্র আকস্মিকভাবে তাঁর গাড়ি ঘিরে ফেলে এবং বিভিন্ন শ্লোগান

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## অগ্নিসংযোগ

(১ম পৃঃ পর)

দিতে থাকে।

এক পর্যায়ে তার গাড়ি ভাংচুর করা হয় এবং পরে গাড়িতে আগুন ধরিয়ে দেয়া হয়। পরে সিনেটের সভা শুরু হলে ভাইস-চ্যান্সেলর এই অনভিপ্রেত ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেন।

সিনেট অধিবেশনের প্রাক্কালে এই বিশৃংখলার ফলে গতকাল সিনেটের নির্ধারিত কার্যসূচী অনুষ্ঠিত হয়নি। প্রায় পৌনে দু ঘন্টা পর অধিবেশন শুরু হলে ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান সিনেট সদস্যদের ঘটনা সম্পর্কে অবহিত করে এর জন্যে দুঃখ প্রকাশ করেন। তিনি জানান যে ঘটনার বিস্তারিত বিবরণ দিয়ে মঙ্গলবারের অধিবেশনে একটি বিবৃতি দেয়া হবে।

মিসেস হাসনা মওদুদ ভিসি অফিসে সাংবাদিক এবং উপস্থিত বিশ্ববিদ্যালয় শিক্ষক ও সিনেট সদস্যদের বলেন, প্রতিবাদ জানানোর নামে বিশ্ববিদ্যালয়ের মত একটি গণতান্ত্রিক প্রতিষ্ঠানে আজ যে আচরণ করা হলো তা অত্যন্ত দুঃখজনক ও নিন্দনীয়। তিনি অভিযোগ করেন যে তাঁর গাড়িতে হামলা চালানোর সময় তাঁর ভ্যানিটি ব্যাগটিও ছিনিয়ে নেয়া হয়েছে। তিনি বলেন, গাড়ির ড্রাইভারকে মারধোর করা হয়।

গতকাল বিকাল সাড়ে তিনটায় সিনেট অধিবেশন শুরুর কিছু আগে মিসেস হাসনা মওদুদ একটি পাজেরো জীপে করে বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের সামনে এসে পৌঁছন। একদল ছাত্র ও সময় তাঁর গাড়িটি ঘিরে ফেলে এবং বিভিন্ন শ্লোগান দিতে থাকে। তারা গাড়িতে ইটপাটকেল নিক্ষেপ করে।

ঘটনার খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক, কর্মকর্তা ও সিনেট সদস্য বাইরে এসে জমায়েত ছাত্রদের সরিয়ে দিয়ে সিনেট সদস্যা মিসেস হাসনা মওদুদকে ভিসির অফিসে নিয়ে যান। এ সময় প্রশাসনিক ভবনে প্রবেশের গেটগুলোও বন্ধ করে দেয়া হয়। এ সময় একদল ছাত্রের ইটপাটকেল নিক্ষেপের ফলে প্রশাসনিক ভবনের দরজা-জানালাও ক্ষতিগ্রস্ত হয়। এক পর্যায়ে ছাত্ররা মিসেস মওদুদের গাড়িটি প্রশাসনিক ভবনের পেছনে টেনে নিয়ে গিয়ে তাতে আগুন ধরিয়ে দেয়। গাড়িটি ভস্মীভূত হয়।

সোয়া চারটার দিকে পুলিশ প্রশাসনিক ভবনের সামনে পৌঁছে ছাত্রদের সরিয়ে দেয়ার চেষ্টা চালায়। ছাত্ররা পুলিশের ওপর ইটপাটকেল নিক্ষেপ করে। এ সময় আকস্মিকভাবে দুটি ককটেল বিস্ফোরিত হয়। পুলিশ এক রাউন্ড কাঁদানে গ্যাসের শেল ফাটায়।

বিকাল পৌনে পাঁচটার দিকে মিসেস হাসনা মওদুদ পুলিশের গাড়িতে প্রশাসনিক ভবন ত্যাগ করেন।

**অধিবেশন আজ মঙ্গলবার** বিকাল সাড়ে তিনটা পর্যন্ত মুলতবী ঘোষণা করা হয়েছে।